দিনাজপুর বোর্ড-২০১৭

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ AT লিমিটেড একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এ কাজে ব্যবহৃত ক্যামিক্যাল এবং বর্জসমূহ বুড়িগঙ্গা নদীতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা ভেবে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ২৫ লক্ষ টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারীগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. অর্থায়ন কী? ১

খ. "মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান" তুমি কি একমত? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত AT লিমিটেড কোন ধরনের মূলধন সংগ্রহের কথা ভাবছেন? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন করো। ৪

২.▶ মি. ফাহমিদ একজন সাধারণ বিনিয়োগকারী। তিনি দেখলেন বাজারে LB কোম্পানির স্থির আয় ও জামানতযুক্ত মেয়াদি সিকিউরিটি আছে, যা ক্রয় করলে আয় প্রাপ্তির ক্ষেত্রে সবার আগে অগ্রাধিকার পাওয়া যাবে। কিন্তু কোম্পানির সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করা যাবে না। অন্যদিকে, একই রকম আয় ও মেয়াদযুক্ত সরকারি সিকিউরিটি বাজারে বিক্রয় হয় যার ঋণ জামানত নাই। মি. ফাহমিদ জামানত না থাকার কারণে সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ না করে LB কোম্পানির সিকিউরিটিতে বিনিয়োগ করেন।

ক. আর্থিক বাজার কী? ১

খ. মুদ্রা বাজার ও মূলধন বাজারের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত LB কোম্পানিটি কোন ধরনের সিকিউরিটি বিক্রয় করছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. ফাহমিদের বিনিয়োগ সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩.▶ জনাব ফয়সাল একটি বাড়ি করতে চান। বর্তমানে বাড়িটি তৈরি করতে ৩০ লক্ষ টাকা প্রয়োজন। তাঁর হাতে বর্তমানে মাত্র ২২ লক্ষ টাকা আছে। অর্থের ঘাটতির কথা চিন্তা করে তিনি AB ব্যাংকে ঐ ২২ লক্ষ টাকা ১০% সুদে জমা রাখলেন। উদ্দেশ্য ৫

বছর পর তিনি বাড়িটি নির্মাণ করবেন। অতীত অভিজ্ঞতা থেকে ধরে নেয়া হচ্ছে বাড়ি তৈরির নির্মাণ সামগ্রীর বাৎসরিক মূল্য বৃদ্ধির সাধারণ হার ৩%।

ক. অর্থের সময়মূল্য বলতে কী বোঝ? ১

খ. চক্রবৃদ্ধি সুদের সংখ্যা বাড়তে থাকলে ভবিষ্যৎ মূল্যের উপর কী প্রভাব পড়বে? ২

গ. ৫ বছর পর বাড়িটি তৈরি করতে কত টাকা খরচ হবে? ৩

ঘ. জনাব ফয়সালের বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

৪. ▶ মি. নোমান এর নিকট ১,০০,০০০ টাকা আছে। তিনি উক্ত অর্থ ১০% সুদের হারে ৫ বছরের জন্য প্রাইম ব্যাংকে জমা রাখতে চাচ্ছেন। নোমানের ভাই তাকে মৎস্য চাষ করতে বললেন। সেখান থেকে আগামী ৫ বছর যথাক্রমে ২৫,০০০, ২৮,০০০, ২২,০০০, ২৫,০০০ এবং ৫০,০০০ টাকা পাওয়া যাবে। বিকল্প হিসাবে তার বন্ধু তাকে পোল্ট্রি ফার্ম দিতে বললেন। যেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৩০,০০০ টাকা করে পাওয়া যাবে। উভয় ক্ষেত্রে মি. নোমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ১

খ. কোন কৌশলের মাধ্যমে একটি বিনিয়োগ কত সময়ে দ্বিগুণ হবে তা দ্রুত নির্ণয় করা যায়? ২

গ. প্রাইম ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মৎস্য ও পোলট্রি ফার্মের মধ্যে কোনটি নির্বাচন করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৫. ▶ BF লি. একটি চেয়ার উৎপাদনকারী প্রতিষ্ঠান। তাদের উৎপাদিত প্রতিটি চেয়ার ৪৫০ টাকা করে বিক্রয় করা হয়। প্রতিষ্ঠানটির সারা বছরে মোট স্থির ব্যয় হয় ১৮,০০,০০০ টাকা এবং প্রতি একক পণ্যের জন্য পরিবর্তনশীল ব্যয় ২০০ টাকা। প্রতিষ্ঠানটি বছরে ১৩,০০০টি চেয়ার বিক্রয় করে ১২,০০,০০০ টাকা মুনাফা করতে চায়। উল্লেখ্য যে, প্রতিষ্ঠানটি বাজার প্রতিযোগিতার কথা বিবেচনা করে প্রতি ইউনিটের বিক্রয়মূল্যের কোনো পরিবর্তন করতে চায় না।

ক. BEP কী? ১

খ. প্রতি ইউনিট পরিবর্তনশীল ব্যয় কোম্পানির BEP-কে কীভাবে প্রভাবিত করে? ২

গ. BF লি. এর ব্রেক ইভেন একককে নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানিটি তার কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের জন্য কী সিদ্ধান্ত নিতে পারে তার পরামর্শ দাও। ৪

৬. ▶ BGF লি. বাজারে নতুন ব্র্যান্ডের পোশাক বাজারজাতকরণ করতে যাচ্ছে। সারা বছর তাদের ৬৪,০০০ একক পণ্যের প্রয়োজন হবে। প্রতি একক পণ্যের ক্রয়মূল্য ১,০০০ টাকা, প্রতি ফরমায়েশ ব্যয় ৫০০ টাকা, বহন ব্যয় ক্রয়মূল্যের ১% নিরাপত্তা মজুদ ৫০০ একক এবং সংগ্রহ সময় ৩ দিন।

ক. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ (EOQ) কী? ১

খ. BGF লি. এর মোট মজুদ ব্যয় কত হবে? ২

গ. উদ্দীপকের তথ্য অনুসারে BGF লি. এর পুনঃফরমায়েশ বিন্দু নির্ণয় করো। ৩

ঘ. যদি সংগ্রহ সময় ৩ দিনের স্থলে ৫ দিন হয় তাহলে মজুদ ব্যবস্থায় কী ধরনের সমস্যা হবে বলে তুমি মনে করো? ৪

৭.▶ মিসেস ফেরদৌসী একজন গৃহিণী। তিনি তার জমানো অর্থ দিয়ে ১০ বছর মেয়াদি ১২% কুপণ বন্ডে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিলেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১০,০০০ টাকা হলেও বাজারমূল্য ১১,৫০০ টাকা। উল্লেখ্য, মিসেস ফেরদৌসীর প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. জিরো কুপন বন্ড কী? ১

খ. কোনো বন্ডের অন্তর্নিহিত মূল্য বাজারমূল্য অপেক্ষা বেশি হলে বিনিয়োগকারী কী সিদ্ধান্ত গ্রহণ করবে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বন্ডে চলতি আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. মিসেস ফেরদৌসীর বন্ডটি ক্রয় করা লাভজনক হবে কী? বিশ্লেষণ করো। ৪

৮.▶ SP লি.-এর মূলধন কাঠামো নিচের ছকে দেয়া হলো :

মূলধনের উৎস	টাকা
সাধারণ শেয়ার মূলধন	৪,০০০
১০% অগ্রাধিকার শেয়ার	১,০০০
১৪% ডিবেঞ্চার	৩,০০০
মোট মূলধন	৮,০০০

কোম্পানির শেয়ার বর্তমানে বাজারে ২০ টাকায় বিক্রি হচ্ছে। এটা ধারণা করা হচ্ছে যে, কোম্পানিটি আগামী বছর প্রতি শেয়ারে ২ টাকা করে লভ্যাংশ প্রদান করবে যেটা সবসময় ৭% হারে বৃদ্ধি পাবে। কোম্পানির কর হার ৫০%।

ক. মূলধন ব্যয় বলতে কী বোঝ? ১

খ. সংরক্ষিত আয়ের ব্যয় কেন নতুন সাধারণ শেয়ারের মূলধন ব্যয় থেকে কম হয় তা ব্যাখ্যা করো। ২

গ. SP লি. এর গড় মূলধন ব্যয় (WACC) নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানি যদি অতিরিক্ত ২,০০০ টাকা ১৪% ডিবেঞ্চারের মাধ্যমে ঋণ মূলধন সংগ্রহ করে তবে এর ভার আরোপিত গড় মূলধন ব্যয় (WACC) এর উপর যে প্রভাব পড়বে তা বিশ্লেষণ করো। ৪

৯.▶ বিহন লি. এর ২টি বিনিয়োগ প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ হবে ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির নগদ বার্ষিক আন্তঃপ্রবাহ নিম্নে দেয়া হলো–

বছর	প্রকল্প-ক (টাকা)	প্রকল্প-খ (টাকা)
১	৩০,০০০	২০,০০০
২	২০,০০০	২০,০০০
৩	২০,০০০	২০,০০০
৪	১০,০০০	২০,০০০

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে বিহন লি.-কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

১০. ▶ জনাব মোশাররফ একজন সাধারণ ব্যবসায়ী। তিনি এর আগে কখনই শেয়ার বাজারে বিনিয়োগ করেননি। তার কাছে বর্তমানে ২,০০,০০০ টাকা আছে। তিনি এই টাকাটি বিনিয়োগ করতে চান। তুমি ফিন্যান্স বিষয় নিয়ে পড়াশুনা করো জেনে তিনি তোমার পরামর্শ নিতে চাচ্ছেন। তুমি বাজার অনুসন্ধান করে মাত্র তিনটি সিকিউরিটি পছন্দ করলে যাতে বিনিয়োগ করা যেতে পারে। সিকিউরিটিগুলোর আয়ের হার এবং আদর্শ বিচ্যুতির পরিমাণ নিম্নরূপ :

সিকিউরিটি	প্রত্যাশিত আয়	আদর্শ বিচ্যুতি
A	১২%	৩.১%
B	১২.৫%	৩.২%
C	১৩%	৩.৫%

ক. ঝুঁকি বলতে কী বোঝ? ১

খ. কোন উদ্দেশ্যে পোর্টফোলিও তৈরি করা হয়? তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সিকিউরিটিগুলোর বিভেদাংক (CV) নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যগুলো অনুযায়ী তুমি জনাব মোশাররফকে কোন সিকিউরিটিতে বিনিয়োগ করার পরামর্শ দিবে এবং কেন? ৪

১১. ▶ তুমি FC লি. নামক একটি ঔষধ কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। ব্যবসায়িক প্রয়োজনে তোমার কোম্পানি MB লি. এর নিকট হতে ২.৫/১৫ নিট ৬০ শর্তে ধারে কিছু পণ্য ক্রয় করেছে। তুমি বাট্টার সুযোগ গ্রহণ করার জন্য ব্যাংক হতে স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছ। ব্যাংক ঋণের সুদের হার ১৮%। পরবর্তীতে MB লি. পণ্যের মূল পরিশোধের সময় ১০ দিন বৃদ্ধি করে।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. ব্যবসায় ঋণকে কেন স্বতঃস্ফূর্ত অর্থায়ন বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত তোমার কোম্পানি (FC লি.) এর ব্যবসায় ঋণের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. পরিশোধ সময় পরিবর্তন তোমার ঋণ গ্রহণ সিদ্ধান্তকে কীভাবে প্রভাবিত করবে? যুক্তিসহ মতামত দাও। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৯২

সময় ঃ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. **বিনিময়ের সহজ মাধ্যম কোনটি?**
   ক চেক খ বিনিময় বিল
   গ অর্থ ঘ প্রত্যয়পত্র

২. **সামষ্টিক অর্থনৈতিক উন্নয়নে অর্থায়নের পরোক্ষ ভূমিকাগুলো হলো—**
   i. সরকারের রাজস্ব বৃদ্ধি
   ii. মূলধন ব্যয় হ্রাস
   iii. ঘাটতি পক্ষ ও উদ্বৃত্ত পক্ষের মধ্যে সমন্বয় সাধন
   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii খ i ও iii
   গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।

মণ্ডল এন্টারপ্রাইজ-এর শেয়ার মূলধন ৩,০০,০০০ টাকা। যার প্রতিটি শেয়ারের মূল্য ১০০ টাকা। এই মূলধন বিনিয়োগ করে তারা গত বছরে নিট মুনাফা অর্জন করেছে ৬০,০০০ টাকা।

৩. **মণ্ডল এন্টারপ্রাইজের শেয়ার প্রতি আয় কত?**
   ক ২০ টাকা খ ৩০ টাকা
   গ ৪০ টাকা ঘ ৫০ টাকা

৪. **তাদের মূলধনের উপর আয়ের শতকরা হার কত?**
   ক ২০% খ ০.২%
   গ ০.৪% ঘ ৫০%

৫. **আর্থিক বাজার কত প্রকার?**
   ক এক খ দুই
   গ তিন ঘ চার

৬. **মূলধন বাজারে কোন ধরনের বিনিয়োগ হয়ে থাকে?**
   ক স্বল্পমেয়াদি খ স্বল্প-মধ্যমেয়াদি
   গ দীর্ঘমেয়াদি ঘ মধ্যমেয়াদি

৭. **সরকার কর্তৃক ইস্যুকৃত বণ্ডকে কী বলে?**
   ক ট্রেজারি বন্ড খ ট্রেজারি বিল
   গ মিউনিসিপাল বন্ড ঘ কর্পোরেট বন্ড

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।

মি. আব্দুর রশিদ 'পদ্মা গ্রুপ' থেকে ২০ টাকা মূল্যের ২,০০০ শেয়ার ক্রয় করেন ৪০,০০০ টাকায়। তিনি তার শেয়ারের উপর নির্দিষ্ট হারে সুদ আশা করেন। রশিদ সাহেব শেয়ার ক্রয় করলেও তিনি 'পদ্মা গ্রুপ'-এর মালিক হতে পারেন নি।

৮. **মি. আব্দুর রশিদ কোনটি ক্রয় করেছেন?**
   ক সাধারণ শেয়ার খ বোনাস শেয়ার
   গ রাইট শেয়ার ঘ অগ্রাধিকার শেয়ার

৯. **রশিদ সাহেব তার ক্রয়কৃত শেয়ার রূপান্তর করতে পারেন—**
   ক সাধারণ শেয়ার খ বোনাস শেয়ার
   গ রাইট শেয়ার ঘ অগ্রাধিকার শেয়ার

১০. **বিনিয়োগ হতে প্রত্যাশিত আয়ের সর্বনিম্ন হারকে কী বলে?**
   ক বিনিয়োগ আয় খ বিনিয়োগ ব্যয়
   গ মূলধন ব্যয় ঘ মূলধন আয়

১১. **মূলধন ব্যয় ব্যবহার করা হয়—**
   i. অর্থায়নের উৎস নির্বাচনে
   ii. প্রকল্প মূল্যায়নে
   iii. মুনাফা বন্টনে
   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii খ i ও iii
   গ ii ও iii ঘ i, ii ও iii

১২. **সনাতন পদ্ধতিতে মূলধন বাজেটিং-এর ক্ষেত্রে নিচের কোনটি বিবেচনা করা হয়?**
   ক নগদ প্রবাহ খ অর্থের সময় মূল্য
   গ ঝুঁকি ঘ পোর্টফোলিও ঝুঁকি

১৩. **মূলধন বাজেটিং সিদ্ধান্ত, একটা প্রতিষ্ঠানের জন্য কেমন প্রক্রিয়া?**
   ক স্বল্পমেয়াদি খ মধ্যমেয়াদি
   গ স্বল্প-মধ্যমেয়াদি ঘ দীর্ঘমেয়াদি

১৪. **একটি বিনিয়োগ ক্ষেত্রে ২,৪০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৫ বছরে, প্রতি বছর ৬০,০০০ টাকা করে পাওয়া যাবে, এক্ষেত্রে পরিশোধ কাল কত হবে?**
   ক ২ বছর খ ৪ বছর
   গ ২০ বছর ঘ ৪০ বছর

১৫. **একটা ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কী জড়িত থাকে?**
   ক লাভ খ ক্ষতি
   গ ঝুঁকি ঘ সম্ভাবনা

১৬. ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহার করা হয়–
i. আন্তঃআয়ের হার
ii. আদর্শ বিচ্যুতি
iii. বিভেদাংক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৭. **পোর্টফোলিও বিনিয়োগের প্রধান উদ্দেশ্য কোনটি?**
ⓚ মুনাফা বৃদ্ধি ⓛ মুনাফা হ্রাস
ⓖ ঝুঁকি হ্রাস ⓘ ঝুঁকি বৃদ্ধি

১৮. **নিচের কার অনুমতি নিয়ে আর্থিক বাজারে শেয়ার ও বন্ড লেনদেন হয়ে থাকে?**
ⓚ বাংলাদেশ সরকার
ⓛ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
ⓖ অর্থ মন্ত্রণালয় ⓘ বাংলাদেশ ব্যাংক

১৯. **অংশীদারি কারবারের মূল ভিত্তি কি?**
ⓚ মূলধন সরবরাহ ⓛ মুনাফা বণ্টন
ⓖ লিখিত চুক্তি ⓘ মুনাফা সংরক্ষণ

২০. **কয়টি কৌশল ব্যবহার করে অর্থের সময়মূল্য নির্ণয় করা হয়?**
ⓚ ২টি ⓛ ৩টি
ⓖ ৪টি ⓘ ৫টি

২১. **সুদ নির্ণয়ের কৌশলের উপর ভিত্তি করে সুদকে কত ভাগে ভাগ করা হয়?**
ⓚ ২ ⓛ ৩
ⓖ ৪ ⓘ ৫

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. রফিক একজন সাধারণ চাকরিজীবী। তিনি তার সঞ্চিত অর্থের ১,০০,০০০ টাকা AB ব্যাংকের সঞ্চয়ী স্কীমে জমা রাখতে চান। ব্যাংকের এই স্কীমে ৫ বছরে টাকা দ্বিগুণ হয়।

২২. **জনাব রফিক কর্তৃক AB ব্যাংকে জমাকৃত টাকা কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত?**
ⓚ সাধারণ বার্ষিকবৃত্তি
ⓛ অবিরত বার্ষিক বৃত্তি
ⓖ এককালীন নগদ প্রবাহ
ⓘ মিশ্র নগদ প্রবাহ

২৩. **জনাব রফিক এর এই স্কীমের সুদের হার কত?**
ⓚ ১৪.৮৭% ⓛ ১৫.৩৫%
ⓖ ১৫.৮৭% ⓘ ২০%
সঠিক উত্তর: ১৪.৪০%।

২৪. **আর্থিক বিবরণীর প্রধান বৈশিষ্ট্য হলো–**
i. এটা সংখ্যায় প্রকাশ করা যায়
ii. জ্যামিতিক তুলনা করা যায়
iii. টাকায় প্রকাশ করা যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
জামান সাহেব তার কারখানায় ১,০০০ একক পণ্য উৎপাদন করেন। যার পরিবর্তনশীল ব্যয় ৫,০০০ টাকা এবং স্থায়ী ব্যয় ৪,০০০ টাকা। তিনি পণ্য বিক্রি করেন ১০,০০০ টাকায়।

২৫. **জামান সাহেবের সমচ্ছেদ বিন্দু কত হবে?**
ⓚ ৭০০ টাকা ⓛ ৮০০ একক
ⓖ ৮৫০ টাকা ⓘ ৯০০ টাকা

২৬. **জামান সাহেবের নিরাপত্তা প্রান্ত কত হবে?**
ⓚ ১০০ ⓛ ২০০
ⓖ ৩০০ ⓘ ৪০০

২৭. **নিচের কোনটি বৈদেশিক বাণিজ্যে ব্যবহৃত দলিল?**
ⓚ বাণিজ্যিকপত্র ⓛ প্রত্যয়পত্র
ⓖ ঋণ রেখা ⓘ বিনিময় বিল

২৮. **চলতি সম্পদ ব্যবস্থাপনা হলো–**
i. দেনাদার ব্যবস্থাপনা
ii. পাওনাদার ব্যবস্থাপনা
iii. মজুদ ব্যবস্থাপনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
'হক ট্রেডার্স' একটি খ্যাতনামা উৎপাদনকারী প্রতিষ্ঠান। তারা তাদের উৎপাদন কাজের প্রয়োজনে একটি মেশিন হাসিব লিজিং কোম্পানির নিকট থেকে ৫ বছরের জন্য লিজ নেয়।

২৯. **'হক ট্রেডার্স' এক্ষেত্রে কোন ধরনের অর্থসংস্থান করেছে?**
ⓚ স্বল্পমেয়াদি ⓛ মধ্যমেয়াদি
ⓖ দীর্ঘমেয়াদি ⓘ স্বতঃস্ফূর্ত

৩০. **'হক ট্রেডার্স' যদি মেশিনটি ১০ বছরের জন্য লিজ নিত তাহলে মেশিনটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার হতো?**
ⓚ হক ট্রেডার্সের
ⓛ হাসিব লিজিং কোম্পানির
ⓖ ব্যাংকের ⓘ সরকারের

১	গ	২	গ	৩	ক	৪	ক	৫	খ	৬	গ	৭	ক	৮	ঘ	৯	ক	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	ঘ	১৪	খ	১৫	খ
১৬	গ	১৭	গ	১৮	খ	১৯	গ	২০	ক	২১	ক	২২	গ	২৩	•	২৪	খ	২৫	খ	২৬	খ	২৭	খ	২৮	ঘ	২৯	খ	৩০	খ